

# যুগান্তর

প্রতিমন্ত্রীর কর্মসূচিতে না যাওয়ার জের

## হলে ঢুকে ছাত্রলীগের হামলা, আহত ১৫

বরিশাল ব্যুরো

১৫ নভেম্বর ২০২৩, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ



পানিসম্পদ প্রতিমন্ত্রী ও বরিশাল সদর আসনের সংসদ-সদস্য কর্নেল (অব.) জাহিদ ফারুক শামীমের কর্মসূচিতে না যাওয়ায় বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীদের ওপর হামলা হয়েছে।

সোমবার রাতে বরিশাল সদর উপজেলার দুর্গাপুর এলাকায় প্রতিষ্ঠানটির বয়েজ হলের ১৫ জন শিক্ষার্থীর ওপর হামলা চালায় ছাত্রলীগ নামধারীরা।

এ সময় তিনজনকে কুপিয়ে জখম ও অন্যদের মারধর করা হয়। গুরুতর আহত তিনজনকে বরিশাল শের-ই বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় (শেবাচিম) হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বাকিরা প্রাথমিক চিকিৎসা নিয়ে হলে ফিরে গেছেন। ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন বরিশাল মেট্রোপলিটন পুলিশের বন্দর থানার ওসি আব্দুর রহমান মুকুল।

আহত শিক্ষার্থীরা জানান, সোমবার কলেজে বঙ্গবন্ধুর ম্যুরাল উদ্বোধন করেন পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক শামীম। ওই অনুষ্ঠানে আবাসিক ছাত্রদের উপস্থিত থাকার জন্য রোববার রাতে হুমকি দিয়ে যায় ছাত্রলীগ নামধারীরা।

কর্মসূচিতে অংশ নেয়নি এমন শিক্ষার্থীদের শাসাতে তিন দফা আবাসিক হলে প্রবেশ করে তারা। তৃতীয় দফায় রাত ৮টার দিকে প্রবেশ করে হলে অবস্থানরত ১৫ শিক্ষার্থীকে কুপিয়ে ও পিটিয়ে জখম করা হয়েছে।

হামলায় নেতৃত্ব দেয় দ্বিতীয়বর্ষের ছাত্র সাকিব ভূইয়া। সাকিব ক্যাম্পাসে পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক শামীমের অনুসারী হিসাবে পরিচিত।

হামলার সময় সাকিবের সঙ্গে ছিল আশরাফুল, আনাস, মাহিন চৌধুরী, তাসিন, হিমো রাকিব, শাহরিয়ার তানভীর, সিফাতসহ বেশ কয়েকজন বহিরাগত।

অভিযোগ সম্পর্কে জানতে চাইলে সাকিব বলেন, ক্যাম্পাসে বঙ্গবন্ধুর ম্যুরাল উদ্বোধনের প্রস্তুতি চলছিল।

জামায়াত-বিএনপির লোকজন ম্যুরাল ভাঙচুরের চেষ্টা চালালে সাধারণ ছাত্ররা তাতে বাধা দেয়। এ সময় দুপক্ষের মধ্যে সংঘর্ষ হয়। আবাসিক হলে ঢুকে হামলা চালানোর মতো কোনো ঘটনা ঘটেনি।

কলেজের সহকারী অধ্যাপক লিটন রাব্বানী বলেন, ‘আমরা আপাতত শিক্ষার্থীদের চিকিৎসার দিকে গুরুত্ব দিচ্ছি। এ বিষয়ে আলোচনা করে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে।’

ওসি আব্দুর রহমান মুকুল বলেন, ‘ক্যাম্পাসের পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। সন্ধ্যা (মঙ্গলবার) পর্যন্ত কেউ অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](http://TheDailyJugantor.com) © 2023

